# AKASHVANI(AIR)
## RNU:KOLKATA
## BengaliText Bulletin

**Date 27-01-2026** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে বাণিজ্য চুক্তি দেশের উৎপাদন ও পরিষেবা ক্ষেত্রকে ত্বরান্বিত করবে।

# ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ফন ডের লিয়েন ভারত-ইইউ বাণিজ্য চুক্তিকে ঐতিহাসিক আখ্যা দিয়েছেন।

২) বাজেট অধিবেশনের আগে আজ কেন্দ্রের ডাকে সংসদে সর্বদল বৈঠক হচ্ছে।

৩) প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ডিআরডিও দেশের নিরাপত্তাকে শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

৪) বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন দলীয় কর্মসূচিতে অংশ নিতে আজ দু-দিনের সফরে পশ্চিমবঙ্গে আসছেন।

৫) মহিলাদের প্রিমিয়ার লীগ ক্রিকেট WPL-এ আজ গুজরাত জায়ান্টস, দিল্লী ক্যাপিটালসের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত-ইউরোপীয় ইউনিয়নের মধ্যে বাণিজ্য চুক্তি ভারত-ব্রিটেন বাণিজ্য চুক্তির পরিপূরক। এই চুক্তি দেশের উৎপাদন ও পরিষেবা ক্ষেত্রকে তরান্বিত করবে বলেও তিনি মন্তব্য করেছেন।

আজ ভারত শক্তি সপ্তাহ উপলক্ষে তিনি বলেন, ক্রমবর্ধমান চাহিদার উপর ভিত্তি করে দেশের শক্তি ক্ষেত্রের উন্নয়নের বড় সম্ভাবনা রয়েছে। এক্ষেত্রে বিদেশী বিনিয়োগেরও বড় সুযোগ রয়েছে বলে তিনি জানিয়েছেন।

বাইট

ভারত ও ইউরোপীয় ইউনিয়নের মুক্ত বাণিজ্য চুক্তিকে বিশ্বের দুই বৃহৎ অর্থনীতির মধ্যে সমঝোতা বলে তিনি মন্তব্য করেছেন। এই দুই অর্থনীতি বিশ্ব বাণিজ্যের এক তৃতীয়াংশ অধিকার করে আছে বলেও প্রধানমন্ত্রী জানিয়েছেন।

-------------------

ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ফন ডের লিয়ন বলেছেন, ইইউ এবং ভারত একটি যুগান্তকারী বাণিজ্য চুক্তিতে সম্পন্ন করেছে। সামাজিক মাধ্যমে এক পোস্টে, এই চুক্তিটিকে এ পর্যন্ত দুপক্ষের মধ্যে সেরা চুক্তি হিসেবে বর্ণনা করে তিনি বলেন যে এটি একটি মুক্ত বাণিজ্য অঞ্চল তৈরি করবে, যা উভয় পক্ষের জন্য উল্লেখযোগ্য সুবিধা প্রদান করবে । তিনি আরও বলেন যে এই চুক্তি দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে একটি নতুন অধ্যায়ের সূচনা করবে যেখানে ইউরোপ এবং ভারত উভয়ই তাদের কৌশলগত অংশীদারিত্ব আরও জোরদার করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

অন্যদিকে, ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট অ্যান্তনিয় কোস্তা বলেছেন, ভূ-অর্থনৈতিক ক্ষেত্রে উদ্ভূত উত্তেজনা এবং বাণিজ্য ক্ষেত্রে অনিশ্চয়তার মধ্যে ভারত ও

ইউরোপীয় ইউনিয়ন স্থিতিশীলতা, নিরাপত্তা এবং বিশ্বাসযোগ্যতার সুনিশ্চিত করতে একযোগে কাজ চালাচ্ছে। শুল্কের বদলে বাণিজ্যের ওপরেই ভারত ও ই ইউ যে বেশি আস্থা রাখে, সেই রাজনৈতিক বার্তাই এই বাণিজ্য চুক্তি বিশ্বের কাছে পৌঁছে দেবে।

উল্লেখ্য, ভারতের অন্যতম বৃহৎ বাণিজ্যিক সহযোগী হলো, ইউরোপীয় ইউনিয়ন।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এখন দিল্লিতে ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট আন্তোনিও কোস্তা এবং ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ফন ডার লিয়েনের সঙ্গে বৈঠকে বসেছেন। নয়াদিল্লিতে প্রতিনিধি পর্যায়ের এই আলোচনার পর একাধিক গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষরিত হতে পারে বলে কূটনৈতিক সূত্রে জানা গিয়েছে।২০০৪ সাল থেকে ভারত ও ইউরোপীয় ইউনিয়ন কৌশলগত অংশীদার হিসেবে সম্পর্ক বজায় রেখে চলেছে। ২০২০ সালের ১৫ জুলাই পঞ্চদশ ভারত–ইউরোপীয় ইউনিয়ন শীর্ষ সম্মেলন ভার্চুয়াল মাধ্যমে অনুষ্ঠিত হয়েছিল। এই শীর্ষ বৈঠকে ভারতের প্রধানমন্ত্রী এবং ইউরোপীয় কাউন্সিল ও ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট যৌথভাবে সভাপতিত্ব করেন।

--------------------

বাজেট অধিবেশনের আগে আজ নতুন দিল্লিতে সংসদ ভবন চত্বরে এক সর্বদলীয় বৈঠক চলছে। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এই বৈঠকে সভাপতিত্ব করছেন। রাজ্য সভার নেতা জেপি নাড্ডা,সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু,সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘাওয়াল এবং ডঃ এল মুরুগান এই বৈঠকে উপস্থিত রয়েছেন। কংগ্রেস নেতা জয়রাম রমেশ,ডিএমকে নেতা তিরুচি শিবা,তৃণমূল কংগ্রেস নেতা সাগরিকা ঘোষ,সমাজবাদী পার্টির নেতা রামগোপাল যাদব এই বৈঠকে যোগ দিয়েছেন। উল্লেখ্য

সংসদের বাজেট অধিবেশন শুরু হচ্ছে আগামীকাল। দুই পর্ব মিলিয়ে তা চলবে দোসরা এপ্রিল পর্যন্ত। পয়লা ফেব্রুয়ারি লোকসভায় ২০২৬-২৭ অর্থ বর্ষের কেন্দ্রীয় বাজেট। সংসদের উভয় কক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর যৌথ অভিভাষনের মধ্য দিয়ে সূচনা হবে বাজেট অধিবেশনের।

--------------------

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে ভারতের প্রতিরক্ষা অংশীদারিত্ব আরও জোরদার করার বার্তা দিয়েছেন । নয়াদিল্লিতে আজ ইউরোপীয় ইউনিয়নের এক প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকে বসেন তিনি। বৈঠক শেষে প্রতিরক্ষা মন্ত্রী জানান, বর্তমান বিশ্ব রাজনীতির জটিল পরিস্থিতিতে এই অংশীদারিত্ব দুই পক্ষকে কাছাকাছি এনে প্রতিরক্ষা সহযোগিতার নতুন ক্ষেত্র খুলে দেবে।

বাইট-রাজনাথ

এই বৈঠকে ইউরোপীয় কমিশনের ভাইস-প্রেসিডেন্ট কাজা কাল্লাস প্রতিরক্ষা ও নিরাপত্তা অংশীদারিত্ব স্বাক্ষরকে একটি মাইলফলক বলে উল্লেখ করেন। তাঁর মতে, এই চুক্তির ফলে ভারত ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে প্রতিরক্ষা সহযোগিতা আরও সুসংহত হবে এবং পারস্পরিক আস্থার সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছবে।

--------------------

দেশের প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা ডিআরডিও দেশের নিরাত্তায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে জানিয়েছেন প্রতিক্ষামন্ত্রী রাজনাথ সিং। আজ নতুন দিল্লিতে ডিআরডিও এর এক অনুষ্ঠানে তিনি বলেন, দেশে এই সংস্থাটির ৪৫টি পরীক্ষাগার

আছে, যেখানে উড়ান, ক্ষেপণাস্ত্র, অস্ত্র, অ্যাডভান্স কমিউটিং নিয়ে কাজ হচ্ছে। এগুলি দেশের প্রতিরক্ষা ক্ষেত্রে মেরুদণ্ডের মতো কাজ করছে।

--------------------

কেরালায়, বিরোধী জোট ইউনাইটেড ডেমোক্রেটিক ফ্রন্টের দুই বিধায়ক আজ কেরালা বিধানসভার সামনে শবরীমালা সোনা চুরি মামলায় দেবস্ব মন্ত্রীর পদত্যাগের দাবিতে বিক্ষোভ করেন।

বিরোধী দলনেতা ভিডি সতীসন, বিশেষ তদন্তকারী দল- SIT –এর কাজে মুখ্যমন্ত্রীর কার্যালয়ের হস্তক্ষেপের অভিযোগ করেছেন। এই বিষয়টিকে প্রাতিষ্ঠানিক অখণ্ডতার গুরুতর লঙ্ঘন বলে অভিহিত করে তিনি বলেন, বিরোধীরা তাদের প্রতিবাদ আরও তীব্র করবে।

বিরোধীদের অভিযোগের জবাবে, মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন প্রতিবাদকে অযৌক্তিক বলে খারিজ করে বলেন, এই আন্দোলন সরকারের বিরুদ্ধে নয় বরং হাইকোর্টের কাছেই একটি চ্যালেঞ্জ। তিনি বলেন, সোনা চুরির তদন্ত হাইকোর্টের তত্ত্বাবধানে হচ্ছে এবং হস্তক্ষেপের যে কোনও ইঙ্গিত বিচার প্রক্রিয়াকে ক্ষতিগ্রস্ত করবে।

পরে, স্পিকার মুলতুবি প্রস্তাব প্রত্যাখ্যান করায় বিরোধীরা বিধানসভার কার্যক্রম বয়কট করে।

--------------------

দায়িত্ব গ্রহণের পর বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন দলীয় কর্মসূচিতে অংশ নিতে আজ দু-দিনের সফরে এরাজ্যে আসছেন। বিকেলে তিনি পশ্চিম বর্ধমানের অন্ডাল বিমানবন্দরে এসে পৌঁছাবেন। সেখান থেকে দুর্গাপুরে চিত্রালয় মেলা ময়দানে কমল মেলা উদ্বোধন করবেন তিনি। এরপর দুর্গাপুরে একটি বেসরকারি হোটেলে

সাংগঠনিক বৈঠক করবেন। আগামীকাল শ্রী নবীন দুর্গাপুর ভিরিঙ্গি কালীমন্দিরে পূজা দেবেন এবং চিত্রালয় মেলা ময়দানে কার্যকর্তা সম্মেলনে অংশ নেবেন। রানীগঞ্জে অপর একটি সাংগঠনিক বৈঠকেও যোগ দেবেন।

-------------------

রাজ্যপালের অনুমোদনের পর, উত্তরাখণ্ড সরকার সংশোধিত ইউনিফর্ম সিভিল কোড আইন, ২০২৬ কার্যকর করেছে, যার মাধ্যমে ইউসিসি আইন, ২০২৪-এ প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। মুখ্যমন্ত্রীর কার্যালয় থেকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে, ভারতের সংবিধানের ২১৩ অনুচ্ছেদের অধীনে উত্তরাখণ্ডের রাজ্যপাল এই অধ্যাদেশ জারি করেছেন এবং তাৎক্ষণিকভাবে তা কার্যকর হয়েছে।

এই বিষয়ে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি বলেন, এই আইন বাস্তবায়নের মাধ্যমে উত্তরাখণ্ড অন্যান্য রাজ্যকে পথ দেখিয়েছে।তিনি আরও বলেন, গত এক বছরে ইউসিসির আইন যে স্বচ্ছতা এবং সরলতার সাথে বাস্তবায়ন করা হয়েছে, তা এই প্রক্রিয়ার প্রতি জনসাধারণের আস্থা আরও জোরদার করেছে।

-------------------

ইজরায়েল গাজায় শেষ বন্দী রান গভিলির দেহাবশেষ উদ্ধার করেছে। এর ফলে অক্টোবরে যুদ্ধবিরতি এবং কোনও রকম নিষেধাজ্ঞা ছাড়াই রাফা ক্রসিং পুনরায় চালু হওয়ার পথ সহজ হবে মনে করা হচ্ছে। ইজরায়েলি সেনাবাহিনীর মুখপাত্র আভিচায় আদ্রে বলেছেন যে গভিলির মৃতদেহ সমাধিস্থ করার জন্য ফিরিয়ে দেওয়া হয়েছে এবং গাজায় আটক সকল বন্দীকে দেশে ফিরিয়ে আনা হয়েছে ।

-------------------

ইরানে সাম্প্রতিক দেশব্যাপী বিক্ষোভে ৬হাজার ১২৬ জন নিহত হয়েছে বলে মার্কিন যুক্তরাষ্ট্রের এক মানবাধিকার সংবাদ সংস্থা জানিয়েছে। তবে এই সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা। যদিও ইরান সরকার এই তথ্য অস্বীকার করেছে। তাদের বক্তব্য বিক্ষোভে ৩ হাজার ১১৭ জনের মৃত্যু হয়েছে, যার মধ্যে ২হাজার ৪২৭ জন সাধারণ নাগরিক সহ নিরাপত্তা বাহিনীর সদস্য, বাকি নিহত ব্যক্তিদের সরকারের তরফে সন্ত্রাসবাদী হিসেবে চিহ্নিত করা হয়েছে।

--------------------

মহিলাদের প্রিমিয়ার লীগ ক্রিকেট WPL-এ আজ গুজরাত জায়ান্টস, দিল্লী ক্যাপিটালসের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়।

গতকাল মুম্বাই ইন্ডিয়ান্স ১৫ রানে রয়াল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুকে হারিয়ে দিয়েছে। টসে জিতে আর সি বি প্রথমে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয়। নির্ধারিত ২০ ওভারে মুম্বাই ১৯৯ রান করে। জবাবে ব্যাট করতে নেমে আর সি বি ৯ উইকেটে ১৮৪ রান করতে সক্ষম হয়। মুম্বাই-এর ন্যাট সিভার ব্রান্ট শত রান করে ম্যাচের সেরা নির্বাচিত হয়েছেন।

-------------------- --------------------